

আল-হাক্বাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ৪

আরবি মূল আয়াত:

كَذَّبَتْ ثَمُودُ وَ عَادُ بِالْقَارِعَةِ ﴿٤﴾

অনুবাদসমূহ:

সামূদ ও 'আদ সম্প্রদায় সজোরে আঘাতকারী (কিয়ামত)কে অস্বীকার করেছিল। — আল-বায়ান

'আদ ও সামূদ জাতি সেই আকস্মিকভাবে সংঘটিতব্য মহাবিপদকে মিথ্যে বলেছিল। — তাইসিরুল

“আদ ও সামূদ” সম্প্রদায় অস্বীকার করেছিল মহাপ্রলয়। — মুজিবুর রহমান

Thamud and 'Aad denied the Striking Calamity. — Sahih International

৪. সামূদ ও আদ সম্প্রদায় মিথ্যারোপ করেছিল ভীতিপ্রদ মহাবিপদ সম্পর্কে।(১)

(১) الْقَارِعَةُ শব্দটি قَرَعَ শব্দ থেকে উৎপন্ন। قَرَعَ শব্দের অর্থ আরবী ভাষায় খটখট শব্দ করা, হাতুড়ি পিটিয়ে শব্দ করা, কড়া নেড়ে শব্দ করা এবং একটি জিনিসকে আরেকটি জিনিস দিয়ে আঘাত করা বুঝাতে ব্যবহৃত হয়। কিয়ামতের ভয়াবহতা সম্পর্কে ধারণা দেয়ার জন্য এ শব্দটি ব্যবহার করা হয়েছে। কেয়ামত যেহেতু সব মানুষকে অস্থির ও ব্যাকুল করে দেবে এবং সমগ্র আকাশ ও পৃথিবীকে ছিন্ন-বিছিন্ন করে দেবে, তাই একে قَارِعَةٌ বলা হয়েছে। তাছাড়া কিয়ামতের পূর্বাঙ্কে যে মহাশব্দের মধ্যে তার সুত্রপাত হবে এখানে সেদিকেও ইঙ্গিত রয়েছে।
[দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪) সামূদ ও আ'দ সম্প্রদায় মিথ্যাঞ্জন করেছিল মহাপ্রলয়কে।[1]

[1] এখানে কিয়ামতকে الْقَارِعَةُ (ঠকঠককারী) বলা হয়েছে। যেহেতু মহাপ্রলয় কিয়ামত নিজ ভয়াবহতায় মানুষের হৃদয়কে জাগ্রত করে তুলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5327>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন